# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২২৭

১/ বিবিধ

আরবী

علم الباطن سر من أسرار الله عز وجل، وحكم من أحكام الله، يقذفه في قلوب من يشاء من عباده

موضوع

أورده ابن عراق في " تنزيه الشريعة المرفوعة عن الأخبار الشنيعة الموضوعة " فقال (121/1) : رواه ابن الجوزي في " الواهيات " (1/74) من حديث علي بن أبي طالب وقال: لا يصح، وعامة رواته لا يعرفون

قلت: قال الذهبي في " تلخيصه ": " هذا باطل

قلت: وابن عراق نقل ما ذكره عن ابن الجوزي - عن السيوطي في " ذيل الأحاديث الموضوعة " وهو فيه برقم (215 بترقيمي) ، ومع حكم السيوطي عليه بالوضع فقد أورده في " الجامع الصغير " من رواية الديلمي عن علي! وهو عنده (3/290 - زهر الفردوس) من طريق ابن شاهين - وعنه ابن الجوزي أيضا عن علي بن جعفر بن عنبسة: حدثنا دارم ابن قبيصة بن نهشل الصنعاني: سمعت يحيى بن الحسن بن زيد بن علي

عن أبيه عن جده عن الحسين بن علي عن علي مرفوعا به

ويحيى ومن دونه لم أجد من ذكرهم سوى ابن عنبسة، فقد أشار الخطيب إلى جهالته كما في ترجمة عبد الله بن الحسن بن إبراهيم الأنباري من اللسان

বাংলা

১২২৭। গোপন ইলম (বাতেনী জ্ঞান) আল্লাহর রহস্যসমূহের একটি রহস্য এবং আল্লাহর বিধানাবলীর একটি বিধান, তিনি তা সেই বান্দার অন্তরে দিয়ে থাকেন যাকে তিনি তা দিতে চান।

হাদীসটি বানোয়াট।

ইবনু ইরাক “তানযীহুশ শারীয়াহ” গ্রন্থে (১/১২১) হাদীসটি উল্লেখ করে বলেছেনঃ হাদীসটি ইবনুল জাওযী “আল-ওয়াহিয়াত” গ্রন্থে (১/৭৪) ’আলী ইবনু আবী তালেব (রাঃ)-এর হাদীস হতে বর্ণনা করে বলেছেনঃ হাদীসটি সহীহ নয়। তার অধিকাংশ বর্ণনাকারীগণ অপরিচিত।

আমি (আলবানী) বলছিঃ হাফিয যাহাবী “আত-তালখীস” গ্রন্থে বলেনঃ এ হাদীসটি বাতিল।

আমি (আলবানী) বলছিঃ ইবনু ইরাক হাদীসটি সম্পর্কে যেরূপ কথা ইবনুল জাওযী হতে বর্ণনা করেছেন অনুরূপ কথা সুয়ূতী হতেও "যায়লুল আহাদীসিল মওযুয়াহ" গ্রন্থের (২১৫) উদ্ধৃতিতে উল্লেখ করেছেন। আর সুয়ুতী হাদীসটিকে বানোয়াট হিসেবে হুকুম লাগানোর পরেও তিনি সেটিকে "আল-জামেউস সাগীর" গ্রন্থে দায়লামীর বর্ণনায় ’আলী (রাঃ) হতে উল্লেখ করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72106

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন